

২০১০

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায়-২

এককক্রম—বি. এল.-১২০১

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসঙ্গমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

১। রসরচনা কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি কি কি? ২+৬

অথবা

ভ্রমণ-কাহিনীর একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। বাংলা ভ্রমণ সাহিত্য-রচনার সংক্ষিপ্ত ইতিহাস লেখো। ২+৬

২। ‘আত্মজীবনী’ গ্রন্থে দেবেন্দ্রনাথের যে ভ্রমণ-পিপাসু মনের পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লেখো। ৮

অথবা

দিদিমা অলকাদেবীর মৃত্যু দেবেন্দ্রনাথের জীবনে রূপান্তরের চাবিকাঠি—
দিদিমার চরিত্র অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৮

- ৩। অনুবাদক বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ রচনাটিতে বিধৃত গদ্যের বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করো। ৮

অথবা

বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ আখ্যান অবলম্বনে শকুন্তলা চরিত্রের রোমান্টিক মনের পরিচয় দাও। ৮

- ৪। ‘কমলাকান্তের দপ্তর’-এ এক নিঃসঙ্গ ব্যাথাতুর কবিপ্রাণ বঙ্কিমচন্দ্রের উপস্থিতি লক্ষ্য করা যায়।—আলোচনা করো। ৮

অথবা

‘মনুষ্যফল’ রচনাটির শিল্প-সার্থকতা বিচার করো। ৮

- ৫। ‘নদীপথে’ গ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো। ৮

অথবা

অতুলচন্দ্র গুপ্তের ‘নদীপথে’ গ্রন্থটিতে প্রকৃতি ও মানুষের প্রসঙ্গ যে ভাবে এসেছে তা বিশ্লেষণ করো। ৮
